গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
(রাজস্ব শাখা)
www.manikganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৩০২.৩০.০০৪.২৩-২০০

তারিখ : ২৩ ফাল্গুন ১৪৩১
০৮ মার্চ ২০২৫

জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা বিজ্ঞপ্তি

(১৪৩২ বঙ্গাব্দ)

জেলা প্রশাসন, মানিকগঞ্জ এর ব্যবস্থাপনাধীন জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাট (শিবালয় ও দৌলতপুর আন্তঃউপজেলা ঘাট) ১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্ত ও সময়সূচি অনুযায়ী নির্ধারিত ফরমে সকল আগ্রহী জন্মগত পেশাদার পাটনী/পেশাদার পাটনী/ব্যক্তি/প্রতিষ্ঠান/সংগঠনের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ইজারার স্থান/এলাকা, ইজারা মূল্য ও দরপত্র ফরমের মূল্য সংক্রান্ত তথ্য

স্থান/এলাকা	দরপত্র ফরমের মূল্য (অফেরতযোগ্য)	ইজারামূল্য	মন্তব্য
জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাট (শিবালয় ও দৌলতপুর আন্তঃউপজেলা ঘাট)	২,০০০/- (দুই হাজার টাকা মাত্র)	১,৮১,৫০০/- (এক লক্ষ একাশি হাজার পাঁচশত টাকা মাত্র)	ইহা সরকারি মূল্য যা ইজারার সর্বনিম্ন মূল্য হিসেবে বিবেচিত হবে।

ইজারা কার্যক্রম পরিচালনার শিডিউল

দফা	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	দরপত্র শিডিউল প্রাপ্তি ও দাখিলের স্থান
১ম	০৯/০৩/২০২৫ খ্রি. হতে ২০/০৩/২০২৫ খ্রি. সকাল ১০.০০টা হতে দুপুর ০৩.০০ টা পর্যন্ত	২৩/০৩/২০২৫ খ্রি. এবং ২৪/০৩/২০২৫ খ্রি. সকাল ১০.০০টা হতে দুপুর ০৩.০০ টা পর্যন্ত	২৫/০৩/২০২৫ খ্রি. দুপুর ১২.০০ টা	১। রাজস্ব শাখা জেলা প্রশাসকের কার্যালয় মানিকগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবালয়, মানিকগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ।
২য়	০৭/০৪/২০২৫ খ্রি. সকাল ১০.০০টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত	০৮/০৪/২০২৫ খ্রি. এবং ০৯/০৪/২০২৫ খ্রি. সকাল ১০.০০টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত	১০/০৪/২০২৫ খ্রি. বেলা ০৩.০০ টা	
৩য়	১৫/০৪/২০২৫ খ্রি. বিকাল ০৪.০০ টা	১৬/০৪/২০২৫ খ্রি. বিকাল ০৪.০০ টা	১৭/০৪/২০২৫ খ্রি. বেলা ০৩.০০ টা	

নিয়মাবলি

(১) দরপত্র ফরম ও ইজারা বিজ্ঞপ্তির প্রতি পাতায় নির্ধারিত স্থানে দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখসহ দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(২) দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২৫% জামানতস্বরূপ (ফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার আকারে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ বরাবর অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৩) টেন্ডার পত্রে উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে অংকে ও কথায় লিখতে হবে। অন্যথায় টেন্ডার বাতিল বলে গণ্য হবে।

(৪) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদিত হওয়ার পর নির্বাচিত দরদাতাকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে পরিশোধযোগ্য সমুদয় টাকা সরকারি খাতে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানত হিসেবে রক্ষিত পে-অর্ডার বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল বা পুনঃদরপত্রের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৫) গৃহীত দরের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। এছাড়া সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে।

(৬) প্রথম দফায় সন্তোষজনক দর পাওয়া না গেলে/দরপত্র দাখিল না হলে ২য় দফায় দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। তবে দফাওয়ারি দরপত্র গ্রহণের জন্য বিজ্ঞপ্তি অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

(৭) সরকারি ছুটির দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

অতিরিক্ত শর্তাবলি

(১) দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ফেরিঘাটের সরেজমিন অবস্থা দেখে নিতে হবে।

(২) দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হওয়ার পর বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

(৩) ইজারাদার সরকারের নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন। এক্ষেত্রে উপজেলা পরিষদ/পৌরসভা কর্তৃক (প্রযোজ্য ক্ষেত্রে) অন্যান্য ফেরিঘাটের জন্য নির্ধারিত হারের টোল প্রযোজ্য হবে। প্রতিটি ফেরিঘাটের উভয় পাড়ে মানুষসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল আদায়ের হার ইজারাদার কর্তৃক প্রকাশ্যে টাঙ্গিয়ে রাখতে হবে।

(৪) মহালের অন্তর্গত কোন জায়গা টোল আদায় ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না এবং ইজারা গ্রহণের পর ইজারা গ্রহীতা ঐ ফেরিঘাট অন্যত্র সাব-লিজ দিতে পারবে না। এরূপ পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ ইজারা বাতিল করা হবে।

(৫) ফেরিঘাটে যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার ঘাট, ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

(৬) ইজারাদার কর্তৃক ঘাটের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৭) উল্লিখিত শর্ত ভঙ্গের জন্য ইজারাদার দায়ী থাকবে এবং তার বিরুদ্ধে আইনুনাগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৬/০৩/২৫

(মোহাম্মাদ আলী)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
আহবায়ক
জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা কমিটি
মানিকগঞ্জ।
ফোন: ০২-৯৯৬৬১০৫৪২
ই-মেইল: adcrmanikganj@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৩০২.৩০.০০৪.২৩-২০০/১(৫০) তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩১ / ০৮ মার্চ ২০২৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পুলিশ সুপার, মানিকগঞ্জ;
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ;
০৩। সিভিল সার্জন, মানিকগঞ্জ;
০৪। প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ;
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৬। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৭। সহকারী কমিশনার (ভূমি), শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৮। জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৯। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। চেয়ারম্যান, তেওতা/বাঘুটিয়া, ইউনিয়ন পরিষদ, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তেওতা/বাঘুটিয়া ইউনিয়ন ভূমি অফিস, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ (তাকে অত্র বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের সকল হাট-বাজারে ঢোল সহরতপূর্বক প্রচার করার জন্য বলা হলো);
১২। জনাব ....
১৩। অফিস কপি।

০৬/০৩/২৫

(রেহানা মজুমদার মুক্তি)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা কমিটি
মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১০২৪৩
ই-মেইল: rdcmanikganj@gmail.com